



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪২.০০৩.২৫-১১৩০

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩৩
৩ জুলাই ২০২৬

বিষয়: নিয়মিত পরীক্ষার্থী (২০২৬ সালের সিলেবাস) ও অনিয়মিত পরীক্ষার্থীদের (২০২৫ সালের সিলেবাস) ভিন্ন কক্ষে আসন

ব্যবস্থাকরণ এবং প্রশ্ন বিতরণের ক্ষেত্রে (সিলেবাস অনুযায়ী) অধিক সতর্কতা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: ঢাবো/পনি/৭৯৩; তারিখ: ০৩/০৭/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, আলিম পরীক্ষা ২০২৬-এর বিভিন্ন কেন্দ্র পরিদর্শনকালে লক্ষ্য করা গেছে যে, কিছু কেন্দ্রে নিয়মিত পরীক্ষার্থী (২০২৬ সালের সিলেবাস) ও অনিয়মিত পরীক্ষার্থীদের (২০২৫ সালের সিলেবাস) ভিন্ন ভিন্ন কক্ষে আসন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। একই কক্ষে দুই সিলেবাসে (২০২৬ ও ২০২৫ সালের সিলেবাস) পরীক্ষার্থী থাকায় প্রশ্ন বিতরণে জটিলতা সৃষ্টি হচ্ছে। আলিম পরীক্ষা পরিচালনা নীতিমালা-২০২৬ এবং ভারপ্রাপ্ত কর্মকর্তাদের মতবিনিময় সভায় নিয়মিত পরীক্ষার্থী (২০২৬ সালের সিলেবাস) ও অনিয়মিত পরীক্ষার্থীদের (২০২৫ সালের সিলেবাস) ভিন্ন ভিন্ন কক্ষে আসন ব্যবস্থা গ্রহণ করা এবং প্রশ্ন বিতরণে অধিক সতর্কতা গ্রহণ করার জন্য নির্দেশনা দেওয়া সত্ত্বেও কিছু কেন্দ্রে এর ব্যত্যয় ঘটে যা পাবলিক পরীক্ষা পরিচালনা নীতিমালা পরিপন্থী।

২। নিয়মিত পরীক্ষার্থী (২০২৬ সালের সিলেবাস) ও অনিয়মিত পরীক্ষার্থী (২০২৫ সালের সিলেবাস) ভিন্ন ভিন্ন কক্ষে আসন ব্যবস্থা গ্রহণ করা এবং প্রশ্ন বিতরণে অধিক সতর্কতা গ্রহণ করার জন্য আলিম পরীক্ষা-২০২৬ এর সকল ভারপ্রাপ্ত কর্মকর্তাদের পুনরায় নির্দেশ প্রদান করা হলো। পরবর্তীতে এ নির্দেশনার ব্যত্যয় ঘটলে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের বিরুদ্ধে Public Examination (offences) Act 1980 অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

ভারপ্রাপ্ত কর্মকর্তা,
আলিম পরীক্ষা-২০২৬ এর সকল কেন্দ্রসমূহ।

প্রফেসর মোঃ ফারুক আহম্মেদ
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স : ৫৮৬১৭৯০৮

E-mail: controller@bmeb.gov.bd

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪২.০০৩.২৫-১১৩০

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩৩
৩ জুলাই ২০২৬

বিতরণ- কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. জেলা প্রশাসক, সকল জেলা;
৫. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা;
৬. জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা;
৭. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৮. অফিস কপি।